# ভোটের উদ্দীপনা শেষ পর্যন্ত অটুট থাকুক: ইভার্স ইজাবস



ছবি: সংগৃহীত

ইউরোপীয় ইউনিয়নের পর্যবেক্ষক ইভার্স ইজাবস ভোটারদের উদ্দীপনা দিনের শেষ পর্যন্ত ধরে রাখার আশা প্রকাশ করেছেন। বৃহস্পতিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে ভোট পরিদর্শনের পর তিনি বলেন, “দুপুর পর্যন্ত ভোটারদের মধ্যে যথেষ্ট উৎসাহ দেখছি।”

সকালে সাড়ে ৭টায় ভোট শুরু হওয়ার পর ইজাবস সহকর্মীদের সঙ্গে বেইলি রোডের সিদ্ধেশ্বরী গার্লস কলেজ কেন্দ্র পরিদর্শন করেন। তিনি জানান, “আমরা একটি অংশগ্রহণমূলক ও বিশ্বাসযোগ্য নির্বাচন প্রত্যাশা করছি। দেশের বিভিন্ন পর্যবেক্ষক আমাদের অনলাইনে প্রতিবেদন পাঠাচ্ছেন।”

ইউরোপীয় ইউনিয়ন নির্বাচন পর্যবেক্ষণ মিশনের প্রধান হিসেবে ইজাবস বলেন, “মিশনটি সারা দেশে ২০০-এর বেশি পর্যবেক্ষক মোতায়েন করেছে। আমরা পুরোপুরি নিরপেক্ষভাবে কাজ করছি, কোনো রাজনৈতিক প্রক্রিয়ায় অংশ নেই। শুধু ভোটের পর্যবেক্ষণ করছি এবং ১৪ ফেব্রুয়ারি প্রাথমিক প্রতিবেদন প্রকাশ করব।”

উল্লেখ্য, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ আজ সকাল সাড়ে ৭টায় শুরু হয়। দুপুর ১২টা পর্যন্ত দেশের মোট ৪২ হাজার ৭৭৯ কেন্দ্রের মধ্যে ৩২ হাজার ৭৮৯ কেন্দ্রে প্রায় ১৩ শতাংশ ভোট পড়েছে।

LENS ASIA